

2022

BENGALI  
[HONOURS]  
(CBCS)

(B.A. Second Semester End Examination-2022)

PAPER-CC4

Full Marks : 60

Time : 03 Hrs

*The figures in the right hand margin indicate marks  
Candidates are required to give their answers in their own words as far as  
practicable*

*Illustrate the answers wherever necessary*

বিভাগ - ক

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :-

১০ x ২ = ২০

- ১। “চৈতন্য চরিত্র কিছু লিখিতে পুস্তকে” – কে, কাকে, চৈতন্য চরিত্র নিয়ে পুস্তক লিখতে বলেছিলেন ?
- ২। নারায়নী দেবী কে ?
- ৩। বাংলায় লিখিত চৈতন্য জীবনী কাব্যগুলির নাম লেখো। কাব্যগুলি কে, কে রচনা করেছেন ?
- ৪। ‘এক ঠাই দুই ভাই’ - কাদের কথা বলা হয়েছে ?
- ৫। “পাসরিলা পুত্রশোক সবারে বিদিত” – কে কার অনুগ্রহে পুত্রশোক ভুলেছিলেন ?

- ৬। কবি মুকুন্দ চক্রবর্তীর জন্মস্থানের নাম লেখো। জন্মস্থান ত্যাগ করে কবি কোথায় আশ্রয় নিয়েছিলেন ?
- ৭। ধর্মকেতুর সঙ্গে দেবী চন্ডীর কখন দেখা হয়েছিলেন ? দেবী ধর্মকেতুকে কি দিয়েছিলেন ?
- ৮। ফুল্লরার বিবাহের পণ কত ছিলো ? ঘটক ঘটকালির জন্য কি পেয়েছিল ?
- ৯। ফুল্লরার সখীর নাম কি ? তার কাছে ফুল্লরা কি জিনিস খার চেয়েছিল ?
- ১০। “নিদয়া দিল পিড়াপাণি” - নিদয়া কাকে পিড়াপাণি দিয়েছিল ? ‘পিড়াপাণি’ - শব্দের অর্থ কি ?
- ১১। “অনাদি অনন্ত মায়া দেহ যারে পদচ্ছায়া, সেই পায় চতুর্বর্গ দান।” - কার পদচ্ছায়ার কথা বলা হয়েছে ? ‘চতুর্বর্গ’ কি ?
- ১২। কৌষিকী বন্দনা অংশে কবি, দেবী কৌষিকীর কটি নামের উল্লেখ করেছেন ? নাম গুলি লেখো।
- ১৩। মর্ত্যে বসুন্ধরা কোন কোন নামে, কার কার পুত্র কন্যা রূপে জন্মগ্রহণ করেন ?
- ১৪। ব্যাস বর্ণন অংশে উল্লিখিত শিবের ছয়টি নাম লেখো।
- ১৫। “ভারতের ভারতী ভরসা” - প্রাসঙ্গিক তাৎপর্য লেখো।

### বিভাগ – খ

যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:-

৪ x ৫ = ২০

- ১৬। “দুঃখ কর অবধান দুঃখ কর অবধান আমানি খাবার গর্ত দেখ বিদ্যমান।” – উৎস ও তাৎপর্য ব্যাখ্যা করো।

- ১৭। কালকেতুর বিবাহের উদ্যোগ কি রূপে সম্পন্ন হয়েছিল নিজের ভাষায় লেখো।
- ১৮। মুরারি শীলের চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।
- ১৯। ভবানন্দের জন্মবৃত্তান্ত সংক্ষেপে লেখো।
- ২০। “ঈশ্বরীরে পরিচয় করেন ঈশ্বরী” – প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো
- ২১। চৈতন্যদেবের আবির্ভাবের কারণ ব্যাখ্যা করো।
- ২২। ‘চৈতন্য ভাগবত’ অবলম্বনে চৈতন্যর বাল্যলীলার বর্ণনা দাও।

### বিভাগ – গ

যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:-

২ x ১০ = ২০

- ২৩। জীবনী গ্রন্থ হিসাবে ‘চৈতন্য ভাগবতে’র সার্থকতা বিচার করো।
- ২৪। ফুল্লরা ও কালকেতুর - উপাখ্যান অবলম্বনে চন্ডীমঙ্গল কাব্যের সমাজচিত্র বর্ণনা করো।
- ২৫। ব্যাসদেবের উপাখ্যানটি নিজের ভাষায় লেখো।
- ২৬। ‘নূতন মঙ্গল’ কাব্য হিসেবে ‘অন্নদামঙ্গল’ কাব্যের সার্থকতা বর্ণনা করো।